

অর্থনীতি

প্রবাসীরা এডি ব্যাংকেও খুলতে পারবেন এনআরসিটিএ হিসাব



প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: শনিবার, ১০ অক্টোবর ২০২৬, ১১:৫৪ AM



প্রবাসীদের ব্যাংকিং সুবিধা বাড়াতে নন-রেসিডেন্ট কনভার্টিবল টাকা অ্যাকাউন্ট (এনআরসিটিএ) পরিচালনার নিয়মে পরিবর্তন এনেছে বাংলাদেশ ব্যাংক। নতুন নিয়মে অফশোর ব্যাংকিং ইউনিটের পাশাপাশি অনুমোদিত ডিলার (এডি) ব্যাংকেও এ হিসাব খোলা ও পরিচালনা করা যাবে।

নতুন ব্যবস্থায় প্রবাসীরা সঞ্চয়ী, চলতি ও মেয়াদি এই তিন ধরনের হিসাব খুলতে পারবেন। এসব হিসাবে জমা অর্থ দিয়ে দেশে খরচ মেটানো, বিনিয়োগ ও ঋণ নেওয়ার সুযোগ থাকবে। পাশাপাশি নির্ধারিত নিয়মে অর্থ বিদেশেও পাঠানো যাবে।

বিদেশ থেকে ব্যাংক, এক্সচেঞ্জ হাউস ও মানি ট্রান্সফার অপারেটরের মাধ্যমে পাঠানো অর্থ এ হিসাবে জমা রাখা যাবে। এ ছাড়া প্রবাসীরা নিজেদের বৈদেশিক মুদ্রার হিসাব থেকে অর্থ স্থানান্তর করেও এনআরসিটিএ হিসাবে জমা রাখতে পারবেন।

এ হিসাবে জমা অর্থ দিয়ে দেশে বিভিন্ন খরচ মেটানো যাবে। অন্য ব্যাংক হিসাবেও টাকা স্থানান্তর করা যাবে। পাশাপাশি অনুমোদিত খাতে বিনিয়োগের সুযোগ থাকবে। এ হিসাবের জমা অর্থ জামানত রেখে ঋণও নেওয়া যাবে।

নতুন নিয়মে হিসাবের মূল অর্থের পাশাপাশি এর বিপরীতে অর্জিত সুদ বা মুনাফাও বিদেশে পাঠানো যাবে। এতে প্রবাসীরা দেশে অর্থ জমা রাখা এবং প্রয়োজন অনুযায়ী তা ব্যবহারের ক্ষেত্রে বাড়তি সুবিধা পাবেন।

প্রবাসীদের ব্যাংকিং কার্যক্রম আরও সহজ করতে অনলাইনে হিসাব খোলা ও ই-ব্যাংকিং সেবা দেওয়ার সুযোগও রাখা হয়েছে। ফলে বিদেশে অবস্থান করেও প্রবাসীরা এসব সুবিধা ব্যবহার করে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে পারবেন।

এ বিভাগের আরও খবর



[[কিউআর লেনদেনে কাউকে বাড়তি ফি দিতে হবে না]]
বাংলা কিউআর কোড ব্যবহার করে লেনদেনের জন্য কোনো বাড়তি চার্জ বা ফি দিতে হবে না বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। ক্যাশলেস বাং...



সেপ্টেম্বরে ১৯ দিনে এলো ১৮৭ কোটি ডলার রেমিট্যান্স, রিজার্ভ ৩৬.৩০ বিলিয়ন
দেশের বৈদেশিক মুদ্রার মোট রিজার্ভ বেড়ে ৩৬ দশমিক ৩০ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, ২০ সেপ্টেম্বর পর্যন্ত মোট রিজার্ভ...



শনিবার জাতীয় গ্রিডে যুক্ত হচ্ছে সাড়ে ১২ মিলিয়ন ঘনফুট গ্যাস
তিতাসের ২৮ নম্বর কুপ থেকে জাতীয় গ্রিডে যুক্ত হচ্ছে সাড়ে ১২ মিলিয়ন ঘনফুট গ্যাস। বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি
লিমিটেডের (বিজিএফসিএল) তিতাস গু...



বন্ধ শিল্প চালু করতে ২০ হাজার কোটি টাকার ঋিম, ঋণে সুদ ৭%
বন্ধ শিল্প ও সেবা যাত্তের প্রতিটানত্সো পুনরায় চালু করতে ২০ হাজার কোটি টাকার বিশেষ ঋিম চালু করেছে বাংলাদেশ ব্যাংক।
এ ঋিমের আওতায় গ্রাহক প...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/economy/prbasira-edi-bjangkeo-khulte-parben-enarsitie-hisab>